# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 26-06 2026** **Time: 7.35 AM**

---

**<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>**

১/ কলকাতার তারাতলায় গোডাউনের শেড ভেঙে বিপর্যয়ের ঘটনার কারণ খতিয়ে দেখতে রাজ্য সরকার ১১ সদস্যের উচ্চ পর্যায়ের তদন্ত কমিটি গঠন করেছে।

২/ রাজ্য বিধানসভায় আগামী সপ্তাহে অভিন্ন দেওয়ানি বিধি সংক্রান্ত বিল, জননিরাপত্তা ও অসামাজিক কার্যকলাপ নিয়ন্ত্রণ, পশ্চিমবঙ্গ জনশৃঙ্খলা রক্ষা (সংশোধনী) সহ বেশ কয়েকটি বিল উত্থাপিত হতে চলেছে।

৩/ প্রাকৃতিক দুর্যোগ, আকস্মিক দুর্ঘটনায় উদ্ধারকাজ ত্বরান্বিত করতে উচ্চ প্রশিক্ষণপ্রাপ্ত সদস্যদের নিয়ে একটি বিশেষ বাহিনী গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার।

৪/ রাজ্যের বিভিন্ন কলেজে আসন বিক্রির চক্রান্ত রুখতে সরকার কড়া পদক্ষেপ নিচ্ছে বলে উচ্চশিক্ষা মন্ত্রী জগন্নাথ চট্টোপাধ্যায় জানিয়েছেন।

৫/ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামী কয়েক দিন বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা। উত্তরবঙ্গেও আজ থেকে বাড়বে বৃষ্টির পরিমাণ।

-----------------------------------------------------------------------------------------

কলকাতার তারাতলায় গোডাউনের শেড ভেঙে বিপর্যয়ের ঘটনার কারণ খতিয়ে দেখতে রাজ্য সরকার ১১ সদস্যের উচ্চ পর্যায়ের একটি তদন্ত কমিটি গঠন করেছে। ক্রীড়া ও যুব বিষয়ক দপ্তরের অতিরিক্ত মুখ্য সচিব রাজেশ পান্ডে এই কমিটির নেতৃত্ব দেবেন। এছাড়াও আছেন অতিরিক্ত মুখ্য সচিব খলিল আহমেদ, বিপর্যয় মোকাবিলা

দপ্তরের প্রিন্সিপাল সেক্রেটারি রাজেশ কুমার সিনহা, কলকাতা পুলিশ কমিশনার অজয় নন্দা, পুর প্রশাসক স্মিতা পান্ডে প্রমুখ। কমিটি সাত দিনের মধ্যে রাজ্য সরকারের কাছে তাদের রিপোর্ট পেশ করবে।

এদিকে, ওই ঘটনায় বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পের কন্ট্রোলিং অফিসার এবং কলকাতা পুরসভার প্রাক্তন মেয়র ফিরহাদ হাকিমের 'অফিসার অন স্পেশাল ডিউটি' কালীচরণ ব্যানার্জীকে দীর্ঘ জিজ্ঞাসাবাদের পর গ্রেফতার করেছে বিশেষ তদন্তকারী দল – সিট। এই নিয়ে গ্রেফতারি বেড়ে হল ৬। এর আগে আরও পাঁচ জনকে পুলিশ গ্রেফতার করে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী গতকাল তারাতলার ঘটনায় বিধানসভায় বিবৃতি দিয়ে মৃতদের পরিবারপিছু ১০ লক্ষ এবং আহত প্রত্যেককে ১ লক্ষ টাকা করে আর্থিক সহায়তার কথা ঘোষণা করেন। তৃণমূল কংগ্রেস পরিচালিত কলকাতা পুর বোর্ডকে দায়ী ক'রে মুখ্যমন্ত্রী অভিযোগ করেন, সংশ্লিষ্ট ভবনের নকশা অনুমোদনের ক্ষেত্রে গুরুতর অনিয়ম হয়েছে। তাঁর দাবি, কাঠামোগত ত্রুটি থাকা সত্ত্বেও নির্মাণ পরিকল্পনা অনুমোদন দেওয়া হয়েছিল। প্রাক্তন মেয়র ফিরহাদ হাকিমের সই-সহ বিভিন্ন নথির উল্লেখ করে তিনি বলেন, পুরো বিষয়টির ফ্যাক্ট ফাইন্ডিং রিপোর্ট সরকারের হাতে এসেছে। সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ার এবং আধিকারিকদের ভূমিকা নিয়েও প্রশ্ন তোলেন মুখ্যমন্ত্রী।

কলকাতা পুরসভার কাছ থেকে তারাতলার ঘটনায় তথ্য এবং নথি চেয়েছে লালবাজার। পুর আধিকারিকদের ভূমিকাও খতিয়ে দেখা হচ্ছে।

এখনও অবধি, তারাতলার ঘটনায় মৃতের সংখ্যা ১১। আহত ১৯ জন এস এস কে এম হাসপাতালে চিকিৎসাধীন।

এদিকে, গতকালও যুদ্ধকালীন তৎপরতায় উদ্ধারকাজ চললেও দুপুরের প্রবল ঝড় বৃষ্টিতে তা ব্যাহত হয়। বজ্রপাতের জন্য দীর্ঘক্ষণ হাইড্রলিক ক্রেন ব্যবহার করা সম্ভব হয়নি। ঐ গুদামে কতজন কাজ করছিলেন, পুলিশ তার কোনো সঠিক হিসাব পায়নি।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই দুর্ঘটনায় শোক প্রকাশ করেছেন। ‘প্রধানমন্ত্রী জাতীয় ত্রাণ তহবিল’ থেকে মৃতদের নিকটাত্মীয়দের পরিবার পিছু ২ লক্ষ টাকা এবং আহতদের ৫০ হাজার টাকা আর্থিক সহায়তার ঘোষণা করেছেন শ্রী মোদী।

--------------------

উত্তরাখণ্ড, গুজরাত ও অসমের পর এবার পশ্চিমবঙ্গেও অভিন্ন দেওয়ানি বিধি (Uniform Civil Code বা UCC) চালু করতে উদ্যোগী হয়েছে পশ্চিমবঙ্গ সরকার । সূত্রের খবর, আগামী সপ্তাহেই চলতি বিধানসভা অধিবেশনে এ সংক্রান্ত বিল পেশ করা হতে পারে।

বিলটি পাশ হলে পশ্চিমবঙ্গ হবে অভিন্ন দেওয়ানি আইন কার্যকর করা চতুর্থ বিজেপি-শাসিত রাজ্য।

--------------------

অসামাজিক কার্যকলাপের বিরুদ্ধে আরও কড়া অবস্থান নিতে এবং দাঙ্গা, অগ্নিসংযোগ কিংবা ভাঙচুরে জন ও ব্যক্তিগত সম্পত্তির ক্ষয়ক্ষতির দায় নির্দিষ্ট করে ক্ষতিপূরণ আদায়ের ব্যবস্থা করতে বিধানসভায় দুটি গুরুত্বপূর্ণ বিল আনছে রাজ্য সরকার। আগামী সোমবার পশ্চিমবঙ্গ জননিরাপত্তা ও অসামাজিক কার্যকলাপ নিয়ন্ত্রণ বিল, ২০২৬' এবং পশ্চিমবঙ্গ জনশৃঙ্খলা রক্ষা (সংশোধনী) বিল, ২০২৬' নিয়ে আলোচনা হবে।

প্রস্তাবিত প্রথম বিলটিতে 'অসামাজিক কার্যকলাপ'-এর পরিধি উল্লেখযোগ্যভাবে বাড়ানো হয়েছে। জনমনে আতঙ্ক সৃষ্টি, আইন শৃঙ্খলা বিঘ্নিত করা, বেআইনিভাবে জমি বা সম্পত্তি দখল, সরকারি ও ব্যক্তিগত সম্পত্তির ক্ষতি, অবৈধ খনি, বালি বা বনজ সম্পদ লুট, অস্ত্র, মাদক, বিস্ফোরক কিংবা সংঘবদ্ধ অপরাধমূলক কার্যকলাপের সঙ্গে যুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার প্রস্তাব রয়েছে।

অন্যদিকে, জনশৃঙ্খলা রক্ষা (সংশোধনী) বিলে ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনায় ক্ষতিপূরণ আদায়ের জন্য 'ক্লেমস কমিশন' গঠনের প্রস্তাব রাখা হয়েছে। এই কমিশন সরকারি বা ব্যক্তিগত সম্পত্তির ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ধারণ করে দোষীদের কাছ থেকে সেই অর্থ ক্ষতিপূরণ আদায়ের নির্দেশ দিতে পারবে।

সরকারি বা বেসরকারি সম্পত্তির মালিক, এমনকি বৈধ দখলদারও কমিশনের কাছে ক্ষতিপূরণের আবেদন করতে পারবেন। ক্ষয়ক্ষতির তদন্তে কমিশন প্রয়োজনে মূল্য নির্ধারক, বিশেষজ্ঞ বা সরকারি আধিকারিকদের সাহায্য নিতে পারবে। কমিশনের নির্দেশে অভিযুক্তের স্থাবর বা অস্থাবর সম্পত্তি অ্যাটাচ করার ক্ষমতাও থাকবে। ক্ষতিপূরণ না দিলে তা ভূমি রাজস্ব বকেয়ার মতো আদায় করা হবে।

--------------------

প্রাকৃতিক দুর্যোগ, আকস্মিক দুর্ঘটনায় উদ্ধারকাজ ত্বরান্বিত করতে রাজ্য সরকার উচ্চ প্রশিক্ষণপ্রাপ্ত সদস্যদের নিয়ে একটি বিশেষ বাহিনী গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছে। অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত গতকাল বিধানসভায় বাজেট আলোচনার জবাবী ভাষণে বলেন, দুশোজন সদস্যকে নিয়ে এই বাহিনী তৈরি করা হবে। এর মধ্যে পাহাড়ি এলাকা ও সুন্দরবনে ৫০ জন করে দু'টি এবং রাজ্যের বিভিন্ন জায়গায় তাৎক্ষণিক প্রয়োজনে ব্যবহারের জন্যে একশো জনের একটি বাহিনীকে ব্যবহার করা হবে বলে তিনি জানিয়েছেন।

--------------------

পূর্ববর্তী সরকারের আমলে বিভিন্ন দফতরে হওয়া অনিয়ম, দুর্নীতি এবং প্রশাসনিক ব্যর্থতার খতিয়ান প্রকাশ্যে আনতে আগামী দিনে প্রতিটি দফতরের শ্বেতপত্র প্রকাশ করা হবে। বিধানসভায় গতকাল রাজ্য বাজেটের ওপর দু'দিনের আলোচনা শেষে জবাবি ভাষণে অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত বলেন, শুধু রাজনৈতিক অভিযোগ নয়, প্রতিটি দফতরই নথি-সহ জানাবে কোথায় কী অনিয়ম এবং তার জেরে রাজ্যের কী ক্ষতি হয়েছে।

বাইট

বাজেট নিয়ে আলোচনার জবাবী ভাষণে অর্থমন্ত্রী নতুন কিছু প্রকল্পের কথাও জানান।

দুদিনে ৭০-এর বেশি বিধায়ক বাজেট বিতর্কে অংশ নেন। আলোচনার শেষে ২০২৬-২৭ আর্থিক বছরের বাকি আট মাসের বাজেট প্রস্তাব বিধানসভায় গৃহীত হয়।

--------------------

বিভিন্ন সরকারি প্রকল্পের রূপায়ণ দ্রুত কার্যকর করার লক্ষ্যে কর্মপরিকল্পনা তৈরি করার জন্যে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী তাঁর হাতে থাকা বিভিন্ন দপ্তরের সচিবদের নির্দেশ দিয়েছেন। স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক, ত্রাণ ও পুনর্বাসন, ভূমি ও ভূমি সংস্কার সহ বিভিন্ন দপ্তরের সচিবদের নিয়ে তিনি গতকাল নবান্নে বৈঠক করেন। চলতি অর্থ বছরের বাকি আট মাসের জন্যে বিভিন্ন দপ্তরে যে বাজেট বরাদ্দ হয়েছে, বৈঠকে তা নিয়ে আলোচনার পরে উন্নয়নমূলক কাজের পরিকল্পনা ক'রে তিন মাসের কাজ শেষ করার জন্যে মুখ্যমন্ত্রী নির্দেশ দিয়েছেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

এদিকে, আগামী ২রা জুলাই নবান্ন সভাঘরে রাজ্য স্তরের প্রশাসনিক বৈঠকে বসবেন মুখ্যমন্ত্রী। উপস্থিত থাকবেন সব মন্ত্রী, সচিব এবং পুলিশ প্রশাসনের আধিকারিকরা।

--------------------

রাজ্য সরকার কলেজগুলিতে আসন বিক্রির চক্রান্ত রুখতে কড়া পদক্ষেপ নিয়েছে। উচ্চশিক্ষা মন্ত্রী জগন্নাথ চট্টোপাধ্যায় কলকাতায় গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে জানিয়েছেন, গত কয়েক বছরে কলেজগুলিতে ভর্তির মরসুমে আসন বিক্রি সহ বিভিন্ন অভিযোগ পাওয়া গেছে। ১০ বছরে কলেজে ছাত্র ইউনিয়নের নির্বাচনও হয়নি। ছাত্রনেতার পরিচয় দিয়ে কিছু মানুষ সেখানে বিভিন্ন অসামাজিক কাজকর্ম চালিয়েছে।

তাদের বিরুদ্ধে সরকার জিরো টলারেন্স নীতি গ্রহণ করবে। এর জন্য বিভিন্ন কলেজের প্রিন্সিপাল সহ প্রশাসনিক কর্তাদের অবিলম্বে ইউনিয়ন রুমগুলি তালা বন্ধ করে সে ব্যাপারে উচ্চশিক্ষা দপ্তরের কাছে হলফনামা দেওয়ার জন্য দপ্তরের পক্ষ থেকে নির্দেশ দেওয়া হয়েছে।

--------------------

ন্যাশনাল টেস্টিং এজেন্সি – NTA পরীক্ষার্থীদের জন্য NEET (UG) 2026-এর ফের নেওয়া পরীক্ষার প্রাথমিক উত্তরপত্রের ক্ষেত্রে আপত্তি জানানোর 'উইন্ডো' খুলেছে। চলতি মাসের ২১ তারিখ ঐ পরীক্ষা নেওয়া হয়েছিল। সোশ্যাল মিডিয়ায় এক বার্তার মাধ্যমে NTA জানিয়েছে যে, উত্তরপত্রগুলি এখন www.neet.nta.in ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে।

পরীক্ষার্থীরা চলতি মাসের ২৮ তারিখ পর্যন্ত প্রতি প্রশ্নের জন্য ২০০ টাকা ফি দিয়ে প্রশ্নগুলির সম্পর্কে আপত্তি জানাতে পারবেন। আপত্তি বা চ্যালেঞ্জ গৃহীত হলে এই ফি সম্পূর্ণ ফেরত দেওয়া হবে।

এছাড়া, ঐ পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের ফি ফেরত পাওয়ার জন্য তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিবরণ নিশ্চিত করার লক্ষ্যে NTA একটি পোর্টাল চালু করেছে। ব্যাঙ্ক সংক্রান্ত তথ্য জানানোর শেষ তারিখ ৩০ শে জুন।

--------------------

উত্তরবঙ্গের লাগাতার বৃষ্টি ও তজ্জনিত ভূমিধ্বস পরিস্থিতি নিয়ে উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী নিশীথ প্রামাণিক গতকাল কোচবিহারের উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরে জেলা শাসকের সঙ্গে বৈঠক করেন। পরে সাংবাদিকদের তিনি বলেন, দার্জিলিং ও কালিম্পংয়ে হড়পা বানের সম্ভাবনা মোকাবিলায় NDRF ও SDRF-কে সতর্ক রাখা হয়েছে। পাশাপাশি ভুটান থেকে নেমে আসা তিস্তা, তোর্সাসহ বিভিন্ন নদীর জলস্তর নিয়মিত পর্যবেক্ষণ করা হচ্ছে এবং প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।

--------------------

দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামী কয়েক দিন বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা থাকছে। সোমবার থেকে বৃষ্টির পরিমাণ বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন। এদিকে উত্তরবঙ্গেও আজ থেকে আগামী মঙ্গলবার পর্যন্ত বৃষ্টির পরিমাণ বাড়বে বলে তিনি জানান।

বাইট

এদিকে, দক্ষিণবঙ্গের বহু জেলাতে গতকাল দুপুরের পর ঝড় বৃষ্টিতে অস্বস্তিকর গরম থেকে রেহাই মিলেছে। তবে কলকাতা ও আশপাশের এলাকায় গতকালের প্রবল বজ্রপাত ও বৃষ্টিতে জনজীবন কিছুটা বিপর্যস্ত হয়ে পড়ে। অনেক রাত পর্যন্ত কলকাতার বহু এলাকায় জল জমেছিল। এখনও কিছু জায়গায় জল জমে রয়েছে। আলিপুরে আজ সকাল সাড়ে ছটা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় প্রায় ৮৯ মিলিমিটার বৃষ্টির রেকর্ড করা হয়েছে।

-------------------

আজ দেশের বিভিন্ন স্থানে ধর্মীয় মর্যাদায় আশুরা-এ-মুহররম পালন করা হচ্ছে। কারবালায় সত্য, ন্যায় ও সুবিচার প্রতিষ্ঠার লক্ষ্যে জীবন উৎসর্গকারী পয়গম্বর হযরত মহম্মদ-এর নাতি হযরত ইমাম হোসেন এবং তাঁর সঙ্গীদের শহীদ হওয়ার স্মরণে এই দিনটি পালিত হয়। এই উপলক্ষে দেশের বিভিন্ন প্রান্তে তাজিয়া মিছিল বের করা হবে। দেশের বিভিন্ন প্রান্তে কারবালার শহীদদের সর্বোচ্চ আত্মত্যাগকে বিষয়গুলো তুলে ধরে বিভিন্ন ধর্মীয় সভার আয়োজন করা হয়েছে। মহরমকে কেন্দ্র করে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থাও গ্রহণ করা হয়েছে।

------------------

মহরম উপলক্ষ্যে আজ মেট্রো রেল, ব্লু, গ্রীন এবং ইয়েলো লাইনে অন্যান্য দিনের তুলনায় কম ট্রেন চালাচ্ছে। আজ ব্লু লাইনে ২৬০-টির পরিবর্তে মোট ২১৬টি, গ্রীন লাইনে ২২৮-টির পরিবর্তে ১৮৬টি এবং ইয়েলো লাইনে ১২০-টির পরিবর্তে ৯২-টি ট্রেন

চলছে। পার্পেল ও অরেঞ্জ লাইনের পরিষেবা অপরিবর্তিত থাকবে। সব ক্ষেত্রেই প্রথম ও শেষ পরিষেবার সময়সূচী অপরিবর্তিত রয়েছে বলে মেট্রো রেল সূত্রের খবর।

------------------- -------------------